গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ১৪২৯

তারিখঃ ১২ পৌষ, ১৪২৯ / ২৭ ডিসেম্বর,২০২২

**বিষয়: ২০০৯ সাল হতে অদ্যাবধি পর্যন্ত সময়ে উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকান্ডের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।**

**বরাত :** সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.৯৯.০০২.২০১৭-৬৪ তারিখ: ২৬-১২-২০২২

উপর্যুক্ত বিষয় ও বরাতে উল্লিখিত স্মারকের চাহিদার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০০৯ সাল হতে ২০২২ সাল পযন্ত সময়ে উল্লেখযোগ্য কারা অধিদপ্তর কর্তৃক অর্জিত উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতির প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ২০০৯ সাল হতে ২০২২ সাল পর্যন্ত কারা বিভাগের উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতির প্রতিবেদন- ০২(দুই) পাতা।

২৭.১২.২২


এ এস এম আনিসুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা
ig@prison.gov.bd


সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি সেল
কারা অধিদপ্তর, ঢাকা।
স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

## **২০০৯ সাল হতে ২০২২ সাল পর্যন্ত কারা বিভাগের উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতির প্রতিবেদনঃ**

১. বাংলাদেশে বর্তমানে মোট ৬৮টি কারাগার রয়েছে। এ সকল কারাগারের অধিকাংশই ব্রিটিশ শাসনামলে তৈরি করা হয়েছিল। কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তরসহ সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ১৭টি কারাগার নতুনভাবে নির্মাণ এবং ৬টি কারাগার সম্প্রসারণ করা হয়েছে। মহিলা কারারক্ষীদের আবাসন সমস্যা নিরসনের লক্ষ্যে ৩৯৯টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর অন্যতম সহযোগী জাতীয় চারনেতা রাজনৈতিক জীবনে অনেকবার কারা বন্দি হয়ে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারে আটক ছিলেন। এছাড়া জাতীয় চারনেতাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে আটক থাকা অবস্থায়ই নির্মমভাবে হত্যা করা হয়। এ বিষয়গুলো আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্বের ইতিহাস। উক্ত ইতিহাসকে বর্তমান ও আগামী প্রজন্মের কাছে তুলে ধরার লক্ষ্যে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কারা স্মৃতি জাদুঘর' এবং 'জাতীয় চার নেতা কারা স্মৃতি জাদুঘর' প্রতিষ্ঠা করা হয়েছে।

৩. স্বাধীনতা ও সার্বভৌমত্বের ইতিহাসকে বর্তমান ও আগামী প্রজন্মের কাছে তুলে ধরার লক্ষ্যে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারে ৬০৭.৩৬ কোটি টাকা ব্যয়ে "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্প চলমান রয়েছে।

৪. এ ছাড়াও বর্তমানে কারা অধিদপ্তরের নিম্নে বর্ণিত প্রকল্প চলমান রয়েছে-

(ক) খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প
(খ) কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ প্রকল্প
(গ) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প
(ঘ) কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা ,চট্রগাম ও ময়মনসিংহ বিভাগ ) প্রকল্প
(ঙ)কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃ নির্মাণ প্রকল্প
(চ)নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প
(ছ)জামালপুর জেলা কারাগার পুনঃ নির্মাণ প্রকল্প

৫. কারা বিভাগে ২০০৮ সালে রাজস্ব খাতে ৮৩৬৫টি পদ ছিল। বর্তমানে রাজস্ব খাতে ১২১৭৮ টি পদ বিদ্যমান আছে। ২০০৯ সাল হতে ২০২২ সাল পর্যন্ত বিভিন্ন গ্রেডে সরাসরি ৬৩৫২ জন জনবল নিয়োগ প্রদান করা হয়েছে এবং রাজস্ব খাতে মোট-৩৮১৪ টি পদ সৃজন করা হয়েছে।

৬. কারা বিভাগে ২০০৮- সালে রাজস্ব বাজেট ছিল ২৯৮,৫৬,২৫,০০০/- টাকা এবং ২০২২ সালে রাজস্ব বাজেট ৯৩৯,০৪,২৫,০০০/-টাকা বরাদ্দ করা হয়েছে।

৭. কারাবন্দিদের উৎপাদিত দ্রব্য বিক্রয় করে লভ্যাংশের ৫০ শতাংশ পারিশ্রমিক হিসাবে বন্দিদেরকে প্রদান করা হচ্ছে। এপ্রিল,২০১৮ হতে নভেম্বর, ২০২২ পর্যন্ত ৫২ হাজার ১৫৮ জন বন্দিকে ১ কোটি ৪২ লক্ষ ৩১ হাজার ৭৫০ টাকা লভ্যাংশ প্রদান করা হয়েছে। বর্তমানে ৩৮টি কেন্দ্রীয়/ জেলা কারাগারে সর্বমোট=৬৭,৩২৫ জন বন্দিকে ৩৯টি ট্রেডে কারাবন্দিদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

৮. কারা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারিদেরকে দক্ষ জনশক্তি হিসাবে করে গড়ে তুলতে কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট চালু করা হয়েছে। ২০০৯খ্রিঃ থেকে এ পর্যন্ত মোট ২৩টি কারাগার নতুন ভাবে নির্মাণ/সম্প্রসারণ করা হয়েছে।

৯. কারাবন্দিদের পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং বন্দির মানসিক স্বাস্থ্য নিশ্চিতকল্পে মোবাইল ফোনে কথা বলার পাইলট প্রকল্প 'স্বজন' টাঙ্গাইল জেলা কারাগারে উদ্বোধন করা হয়েছে। এছাড়া রাজস্ব বাজেটের আওতায় নারায়নগঞ্জ জেলা কারাগারে ফোন বুথ নির্মাণ করা হয়েছে।

কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষাপটে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে দেশের সকল কারাগারে বন্দিদের আত্মীয়-স্বজনের সাথে সপ্তাহে ০১(এক)দিন, ০১(এক)টি মাত্র নম্বরে সর্বোচ্চ ১০(দশ) মিনিট মোবাইল ফোনে কথা বলার সুযোগ বিদ্যমান রয়েছে।

১০. কারাবন্দিদের উন্নত চিকিৎসার জন্য কাশিমপুর কারাগার কমপ্লেক্সে ২০০ শয্যা বিশিষ্ট কারা হাসপাতাল নির্মাণ করা হয়েছে।

১১. কারাবন্দিদের জন্য প্রায় ২৫০ বছর যাবৎ প্রচলিত সকালের নাস্তা রুটি ও গুড়ের পরিবর্তে সপ্তাহে ২ দিন খিচুড়ি, ১ দিন হালুয়া রুটি ও ৪ দিন সবজি রুটি সরবরাহের ব্যবস্থা করা হয়েছে এবং বৃটিশ আমল হতে প্রচলিত কারাগারের আটক বন্দিদের প্রাপ্য ০৩টি কম্বলের মধ্যে ০১টি কম্বল পরিবর্তণ করে ০১টি শিমুল তুলার বালিশ প্রদান করা হচ্ছে;

১২. বন্দিদের ধর্মীয় শিক্ষা প্রদানের জন্য নিয়োজিত ধর্মীয় উপদেষ্টাগণের সম্মানী ৫০ টাকা থেকে ২০০ টাকায় উন্নীত করা হয়েছে। পবিত্র রমজান মাসে কারাগারে আটক বন্দিদের ইফতারি সরবরাহের জন্য জনপ্রতি বরাদ্দ ১৫ টাকা হতে বৃদ্ধি করে ৩০ টাকা করা হয়েছে। এ ছাড়াও বিশেষ দিবস উপলক্ষ্যে বন্দিদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশনের জন্য মাথাপিছু ৩০ টাকা হতে ১৫০ টাকায় উন্নীত করা হয়েছে। কারাগারে আটক বন্দিদের এক কারাগার হতে অন্য কারাগারে স্থানান্তরকালে বন্দি প্রতি খোরাকি ভাতা ১৬ টাকা হতে বৃদ্ধি করে ১০০ টাকায় উন্নীত করা হয়েছে; এবং কারাভ্যন্তরে কয়েদী পরিচ্ছন্নতাকর্মীর মাসিক বেতন ২০ টাকা হতে ৫০০ টাকায় উন্নীত করা হয়েছে।

29.12.22

এ এস এম আনিসুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা
ig@prison.gov.bd